

যায়যায়দিন

তারিখ ০০-০৯ JAN 2007 ...
পৃষ্ঠা ২ কলাম পিচ

১০/১/০৭
২০

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে র্যাভের পিটুনিতে আহত ১৫

চাবি প্রতিনিধি

গতকাল সোমবার জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে র্যাভের পিটুনিতে দুই ছাত্র ও চার কর্মচারীসহ কমপক্ষে ১৫ জন আহত হয়েছেন। ক্যাম্পাসের ভেতরে প্রবেশ করে মারধরের ঘটনায় জড়িতদের ২৪ ঘণ্টার মধ্যে শাস্তি না হলে লাগাতার কর্মবিরতিসহ কঠোর আন্দোলনের হুমকি দিয়েছে বিশ্ববিদ্যালয়ের কর্মচারী সমিতি ও ইউনিয়ন। এ দাবিতে মিছিল সমাবেশ করে উপাচার্য বরাবর প্রতিবাদলিপি দিয়েছেন কর্মচারীরা। গতকাল সোমবার সকাল সাড়ে ৬টায় বিশ্ববিদ্যালয়ের ডেয়ারি গেট সংলগ্ন ঢাকা-আরিচা মহাসড়কে একটি প্রমিকবাহী গাড়িতে কে বা কারা অগ্নিসংযোগ করে। এর দুই ঘণ্টা পর র্যাভ-১১-এর একটি টিম সেখানে উপস্থিত হয়ে বিশ্ববিদ্যালয়ের গেট সংলগ্ন মার্কেটে উপস্থিতদের ওপর লাঠিচার্জ করে। এ সময় দুই ছাত্রসহ কয়েকজন দোকানদার আহত হন।

এরপর র্যাভের পাচ-ছয় সদস্য ছাত্র-কর্মচারীদের ধাওয়া করে প্রায় ৩০০ গজ ভেতরে ঢুকে সমাজবিজ্ঞান ভবনের সামনেও

লাঠিপেটা চালায়। এতে গণেশ ও জাকির নামের দু'জন কর্মচারী গুরুতর আহত হন। ফিরে যাওয়ার সময় তারা গেটে ভিউটিরত গার্ড মহিউদ্দিন ও সালামকেও মারধর করে। এ সময় নিরাপত্তা শাখার সহকারী পরিদর্শক বীরেন্দ্রনাথ খোর ও ইঞ্জিনিয়ারিং সেকশনের একজন অফিসারও প্রহত হন।

এ ঘটনায় তৎক্ষণিক এক প্রতিবাদ মিছিল ও সমাবেশ করে বিশ্ববিদ্যালয়ের কর্মচারীরা। ২৪ ঘণ্টার মধ্যে জড়িতদের শাস্তি দেয়া না হলে লাগাতার কর্মবিরতিসহ কঠোর কর্মসূচির হুমকি দিয়ে উপাচার্য বন্দকার মস্তাহিদুর রহমান বরাবর প্রতিবাদলিপি দিয়েছে কর্মচারী সমিতি ও কর্মচারী ইউনিয়ন। গতকালই বিশ্ববিদ্যালয়ের চারটি গেটে কর্তব্যরত গার্ডরা গেটে তামা মেয়ে চাবি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রারের কাছে জমা দিয়ে শস্ত অবস্থান নেন। আজ সকাল ১০টায় সাধারণ সভায় কর্মসূচি ঘোষণা করা হবে বলে জানিয়েছেন কর্মচারী নেতারা।

র্যাভের উপরতন কর্তৃপক্ষকে ঘটনা জানানো হয়েছে বলে জানিয়েছেন ভারপ্রাপ্ত রেজিস্ট্রার কাজী মহিউদ্দিন।